দৈনিক ইনকিলাব

তারিখ ... MAR. 26 2000
পৃষ্ঠা 6 কলাম 4

17

**চট্টগ্রাম ভার্সিটি**

# শিক্ষার আলো কবে জ্বলবে কেউ বলতে পারছে না

আবদুল মালেক ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থার ৩ মাস ৭দিন পার হয়ে গেছে। ক্যাম্পাস দখলের রাষ্ট্রীয় সন্ত্রাস ও রাজনৈতিক রক্তপাতের শিকার হয়ে ইতোমধ্যে দেশের এই দ্বিতীয় সর্বোচ্চ বিদ্যাপীঠে শিক্ষার আলো নিভে গেছে। কিন্তু এই আলো প্রজ্বলিত করতে এই সুদীর্ঘ সময়েও সরকার বা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে এগিয়ে আসতে দেখা যাচ্ছে না। টানা ৩ মাস পরেও কেউ বলতে পারছে না কবে নাগাদ এই বিশ্ববিদ্যালয়ে আবার শিক্ষার আলো জ্বলবে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে রাজনৈতিক সন্ত্রাস ও সহিংসতা অতীতেও হয়েছে। অতীতেও বিশ্ববিদ্যালয় অচল হয়েছে বার বার। কিন্তু বর্তমানের মত সংকটজনক পরিস্থিতি ও জিম্মি দশা কোন সময় হয়নি। বর্তমান সরকারের ৩ বছরের আমলে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় ক্যাম্পাস দখলে মুজিববাদী ছাত্রলীগের একের পর এক অভিযান ও ছাত্র হত্যার ঘটনায় বিশ্ববিদ্যালয়টি কার্যত একটি মৃত্যু উপত্যকায় পরিণত হয়। সর্বশেষ গত বছর ১৯ ডিসেম্বর একই উদ্দেশ্যে সেখানে দিন দুপুরে রহিম উদ্দিন ও মাহমুদুল হাসান নামে ছাত্র শিবিরের দুইজন নেতাকে খুন করা হয়। এ ঘটনার পর খুনীদের গ্রেফতারের দাবীতে ছাত্র শিবির, ছাত্রদলসহ সর্বদলীয় ছাত্র ঐক্য ইতিমধ্যে ১৭ দিন লাগাতার অবরোধ ও টানা ৪২ দিন হরতাল পালন করে। ফলে বিশ্ববিদ্যালয় পরিস্থিতি সম্পূর্ণরূপে কর্তৃপক্ষের নিয়ন্ত্রণের বাইরে চলে যায়। চরম উদ্বেগজনক পরিস্থিতিতে শিক্ষক ও কর্মকর্তা কর্মচারীগণ দায়িত্ব পালনে অপারগতা প্রকাশ করেন। কর্তৃপক্ষ অনেক চাপাচাপি করেও তাদেরকে কর্মস্থলে নিতে ব্যর্থ হন। শুধু তাই নয়— ক্যাম্পাস অভিমুখী শাটল ট্রেন এবং ছাত্র শিক্ষক স্টাফ বহনকারী যানবাহনও চালু করতে ব্যর্থ হয়েছেন।